জনাব মোঃ আবদুল হালিম সচিব, শিল্প মন্ত্রণালয়
এর
উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরি লিমিটেড, কালুরঘাট শিল্প এলাকা, চন্দগাঁও, চট্টগ্রাম পরিদর্শন প্রতিবেদন

গত ২২ ডিসেম্বর ২০১৯ তারিখ রবিবার সকাল ৮.৩০ ঘটিকায় শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুল হালিম চট্টগ্রাম জেলাস্থ উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড পরিদর্শন করেন। পরিদর্শনকালে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জনাব মোঃ বিল্লাল হোসেন, পরিচালক (যুগ্মসচিব), বিসিআইসি, জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, ইউজিএসএফএল, জনাব মোঃ সোহরাব হোসেন, উপপ্রধান রসায়নবিদ, জনাব মোঃ আলামিন মুন্সি, নির্বাহী প্রকৌশলী ও বিভাগীয় প্রধান (বিপনন), জনাব মোঃ আব্দুর রশিদ, উপপ্রধান প্রকৌশলী ও বিভাগীয় প্রধান (এমটিএস), জনাব মোঃ শাহাদত হোসেন, উপপ্রধান ও বিভাগীয় প্রধান (হিসাব ও অর্থ), জনাব মোঃ মুনতাসির মামুন, নির্বাহী প্রকৌশলী (মেকানিক্যাল) এবং জনাব দীপঙ্কর রায়, সচিব মদোদয়ের একান্ত সচিব। এসময় সরেজমিনে ইউজিএসএফএল এর বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন। পরে প্রশাসন ভবনে কারখানার সার্বিক অবস্থা নিয়ে কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন।

২.০। কারখানার সার সংক্ষেপ:
সভায় উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড সম্পর্কে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়:

১. কোম্পানির নামঃ	উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড
২. রেজিষ্টার্ড অফিষঃ	কালুরঘাট শিল্প এলাকা, চান্দগাঁও, চট্টগ্রাম।
৩. টেলিফোন ও ফ্যাক্স নম্বরঃ	৬৭০৪৩০, ৬৭০৪৩১, ফ্যাক্স নং- ৮৮০-৩১-৬৭০৩০৮
৪. ই-মেইল ও ওয়েব সাইটঃ	info@ugsflbd.com, www.ugsflbd.com
৫. কারখানার অবস্থানঃ	কালুরঘাট শিল্প এলাকা, চান্দগাঁও, চট্টগ্রাম।
৬. পণ্যের নামঃ	শীট গ্লাস
৭. পণ্যের ধরন ও প্রকৃতিঃ	শীট গ্লাস (২মিঃ মিঃ, ৩ মিঃ মিঃ, ৫ মিঃ মিঃ, ও ৬ মিঃ মিঃ)
৮. নিবন্ধনের তারিখঃ	৩০ জুন, ১৯৫৯ খ্রি. প্রাইভেট লিমিটেড কোম্পানি ২৭ অক্টোবর, ১৯৬২ খ্রি. পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হয়।
৯. প্রজেক্টের প্রকৃত ব্যয়ঃ	১,৬৭০,৯৯ লক্ষ টাকা
১০. স্থাপনের তারিখঃ	ক) নির্মাণ কাজ আরম্ভের সন ১৯৫৮ খ্রি. খ) নির্মাণ কাজ সমাপ্তির সন ১৯৬০ খ্রি. গ) পরীক্ষামূলক উৎপাদনের সন ১৯৬০ খ্রি. ঘ) বাণিজ্যিকভাবে উৎপাদনের সন ১৯৬১ খ্রি.
১১. কোম্পানি বোর্ডে বিসিআইসি'র প্রতিনিধিঃ	বিসিআইসি'র পরিচালক ৫জন, বেসরকারি পরিচালক ১ জন, বিএসইসি নির্দেশনা মোতাবেক স্বতন্ত্র পরিচালক ৩ জন সহ মোট ০৯ জন পরিচালক দ্বারা বর্তমান পরিচালনা পর্ষদ গঠিত।
১২. ষ্ট্যাটাস অব দি কোম্পানিঃ	পাবলিক লিমিটেড কোম্পানি ১৯৮৭ খ্রি. ৫১% বিসিআইসি তথা সরকার ও ৪৯% সাধারন পাবলিক। ১৯৮৭ খ্রি. থেকে ঢাকা ও ১৯৯৬ খ্রি. থেকে ষ্টক এক্সচেঞ্জ এর তালিকাভুক্ত।
১৩. প্রসেস লাইসেন্স এর নামঃ	ফোরকল্ট।
১৪. মূখ্য কাঁচামাল ও উৎসঃ	ক) দেশীয় কাঁচামালঃ সিলিকা বালি, লাইম স্টোন, কয়লা ও কালেট। খ) বৈদেশিক কাঁচামালঃ সোডা এ্যাশ (ভারী), ডোলোমাইট স্টোন, সোডিয়াম সালফেট ও ফেল্ডসপার।
১৫. জনবলের সংখ্যাঃ	

ক্রমিক	বিবরণ	অনুমোদিত জনবল	প্রকৃত জনবল	ঘাটতি
১.	শ্রমিক	১৪০	১০৯	৩১
২.	কর্মচারী	৫৩	৩১	২২
৩.	কর্মকর্তা	৪৫	৩৪	১১
৪.	মাস্টার রোল	-	২	(২)
৫	দৈনিক ভিত্তিক শ্রমিক	১১৭	১১৯	(২)
	মোট	৩৫৫	২৯৫	৬০

মতবিনিময় কালে ব্যবস্থাপনা পরিচালক, ইউজিএসএফএল জানান যে, ফ্যাক্টরির সার্বিক অবস্থা সন্তোষজনক নয়। তারা সবাই মিলে শিল্প সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়নের জন্য কাজ করছেন। ইতিমধ্যে তারা মার্কেটিং এর জন্য বিভিন্ন কর্মকর্তাকে বিভিন্ন এলাকায় নিযুক্ত করেছেন, তারা ডিলারদের সাথে নিয়মিত যোগাযোগ রাখছেন। ব্যবস্থাপনা পরিচালক আরো জানান যে, IAP বাস্তবায়ন করে তারা প্রতিটি কর্মকর্তা-কর্মচারীর জবাবদিহিতা ও দায়বদ্ধতা নির্ধারণ করে দিয়েছেন, এতে শীঘ্র সুফল পাওয়া যাবে এবং লোকসান হ্রাস পাবে।

বিভাগীয় প্রধান (বিপণন) জানান যে, অন্যান্য প্রাইভেট কোম্পানিগুলো উৎপাদিত পণ্যের দাম উদ্দেশ্যপ্রণোদিতভাবে হ্রাস করে ইউজিএসএফএলকে বাজার থেকে তাড়ানোর চেষ্টা করছে। তারা ইতিমধ্যে শিল্প সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী প্রতিযোগিতা কমিশনে এ বিষয়ে অভিযোগ দায়ের করেছেন।

পরিচালক, বিসিআইসি জানান যে, ফ্যাক্টরির কার্যক্রমে আরো দক্ষতা ও জবাবদিহিতার পরিচয় দিতে হবে। ফ্যাক্টরিকে অবশ্যই লোকসান কমিয়ে ধীরে ধীরে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হতে হবে।

সচিব, শিল্প মন্ত্রণালয় বলেন, ইউজিএসএফএল কে কর্মদক্ষতার মাধ্যমে ও ব্যয় কমিয়ে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করতে হবে। এজন্য IAP নিশ্চিতকরে প্রত্যেককে জবাবদিহিতার মধ্যে আনতে হবে। ফ্যাক্টরির কাঁচামাল ক্রয়ে স্বচ্ছতা আনতে হবে, প্রতিটি কার্যক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রয়োগ করতে হবে। যে কোন দুর্নীতির ক্ষেত্রে 'জিরো টলারেন্স' নিশ্চিত করতে হবে। ডিলারদের নিয়ে বছরে একবার হলেও ডিলার সম্মেলন করতে হবে। তাদেরকে মোটিভেটেড করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত কোন শ্রমিক রাখা যাবে না। উৎপাদিত পণ্যের চাহিদা রয়েছে এমন এলাকায় মার্কেটিং কার্যক্রম আরো জোরদার করতে হবে। প্রশিক্ষণ এবং পড়াশুনার মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের জনসম্পদে পরিণত করে ফ্যাক্টরিকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করতে হবে।

মতবিনিময় শেষে সচিব মহোদয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:

১) ফ্যাক্টরিতে কর্মরত অস্থায়ী শ্রমিকের সংখ্যা আরো হ্রাস করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত শ্রমিক নিযুক্ত করা যাবে না।
২) উৎপাদিত পণ্য বিক্রয়ের ক্ষেত্রে চাহিদা রয়েছে এমন এলাকা চিহ্নিত করে উক্ত এলাকায় কর্মকর্তাদেরকে নিযুক্ত করতে হবে। ডিলারদের সাথে মুঠোফোনের মাধ্যমে এবং ব্যক্তিগত যোগাযোগ বৃদ্ধি করতে হবে।
৩) ডিলারদের সাথে যোগাযোগ বৃদ্ধি করে আস্থা ফিরিয়ে আনাসহ বছরে একবার হলেও ডিলার সম্মেলনের আয়োজন করতে হবে। ভাল ডিলারদের সম্মাননা বা পুরস্কৃত করতে হবে।
৪) অন্যান্য গ্লাস ফ্যাক্টরির উৎপাদিত পণ্যের দাম উদ্দেশ্য প্রণোদিতভাবে হ্রাস করে বাজার থেকে উসমানিয়া গ্লাস ফ্যাক্টরিকে উৎখাতের চেষ্টা করলে প্রতিযোগিতা কমিশনে প্রমাণসহ অভিযোগ দায়ের করতে হবে।
৫) উৎপাদিত পণ্য বিক্রয় না করে ফেলে রাখা যাবে না। পণ্যের দাম হ্রাস করলে ক্ষতির পরিমাণ নির্ধারণ করে পরবর্তী কার্যক্রম নিতে হবে।
৬) দক্ষতা ও সুনির্দিষ্ট মার্কেটিং পলিসি বাস্তবায়নের মাধ্যমে লোকসান হ্রাস করে প্রতিষ্ঠানকে লাভজনক করতে হবে।
৭) সরকারি সহযোগিতা সবসময় থাকবে না, নিজের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য হলেও প্রতিষ্ঠানকে লাভজনক করতে হবে।
৮) ফ্যাক্টরির জন্য ক্রয়কৃত কাঁচামালের মূল্য প্রাইভেট কোম্পানি কর্তৃক ক্রয়কৃত মূল্যের তুলনায় বেশি হতে পারবে না। স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিত করে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে হবে। দুর্নীতির ক্ষেত্রে 'জিরো টলারেন্স' নিশ্চিত করতে হবে।
৯) দক্ষ জনবল তৈরি করতে হবে। পড়াশুনা, প্রশিক্ষণ ও প্রচেষ্টার মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারী নিজেকে দক্ষ করে তুলবেন।
১০) বাজার বিশ্লেষণ করে মার্কেটিং স্ট্রাটেজি নির্ধারণ করতে হবে, প্রতিষ্ঠানকে লাভজনক করার জন্য বাজারের ভবিষ্যত ট্রেন্ড নির্ণয় করে কর্ম পরিকল্পনা নিতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম আগামী এক মাসের মধ্যে শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

06.01.2020

দীপঙ্কর রায়
সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়
ফোন নম্বর: ০৮+০২ ৯৬৫৩৫৮২
ই-মেইলঃ ps2secy@moind.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮- ৬৫০/১১

তারিখঃ ২৪ পৌষ ১৪২৬ / ০৮ জানুয়ারি ২০২০

বিতরণ, সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) অতিরিক্ত সচিব (স্বস ও আস) শিল্প মন্ত্রণালয় (সচিবের নির্দেশনা বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, বিসিআইসিকে পত্র দেয়ার জন্য অনুরোধসহ)
২) চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, ঢাকা
৩) পরিচালক (সকল),বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, ঢাকা
৪) জেলা প্রশাসক, চট্টগ্রাম
৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়

৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
৭) উপসচিব (বিসিআইসি), শিল্প মন্ত্রণালয়
৮) সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৯) ব্যবস্থাপনা পরিচালক, উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড, চট্টগ্রাম (শিল্প সচিবের নির্দেশনার পরিপ্রেক্ষিতে গৃহীত সুনির্দিষ্ট কার্যক্রম প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়কে পত্র মারফত অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
১০) বিভাগীয় প্রধান (সকল),উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড, চট্টগ্রাম।
১১) অফিস কপি।

০৪.০১.২০

সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়